

# রেসিডেন্সিয়াল কলেজে শতভাগ পাস, জিপিএ ৫ ৮৬.৯২%

২৬ নভেম্বর,  
২০২৩ ১৯:১৮

শেয়ার

অ +

অ -



ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের শিক্ষকদের সঙ্গে ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় কৃতী শিক্ষার্থীরা। ছবি :  
সংগৃহীত

২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের শতভাগ শিক্ষার্থী পাস করেছে।  
প্রতিষ্ঠানটি থেকে ৯৫৬ জন ছাত্র পরীক্ষায় অংশগ্রহণ করে সবাই পাস করেছে। জিপিএ ৫ পেয়েছে ৮৩১ জন, শতকরা  
হার ৮৬.৯২।

বিজ্ঞান বিভাগ থেকে ৭৫৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৯৬ জিপিএ ৫ পেয়েছে।

জিপিএ ৫ পাওয়ার শতকরা হার ৯২.১৯। ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে ৯৪ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ ৫ পেয়েছে ৮৩ জন। জিপিএ ৫ পাওয়ার শতকরা হার ৮৮.৩০। মানবিক বিভাগ থেকে ১০৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৫২ জন জিপিএ ৫ পেয়েছে।

জিপিএ ৫ পাওয়ার শতকরা হার ৪৮.৬০।

ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ কর্তৃপক্ষ আজ রবিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, এবারের প্রশংসনীয় সাফল্যের মূলে রয়েছে কলেজের অভিজ্ঞ ও দূরদৃষ্টিসম্পন্ন বোর্ড অব গভর্নরস ও কলেজের অধ্যক্ষের নেতৃত্বের সঠিক দিকনির্দেশনা। সাম্প্রতিককালে গৃহীত বিশেষ একাডেমিক ও সহপাঠ্যক্রমিক কার্যক্রম, পাঠদানের সুশঙ্খল নীতিমালা, নিয়মিত শ্রেণিপাঠদানের পাশাপাশি তুলনামূলক দুর্বল শিক্ষার্থীদের অতিরিক্ত শ্রেণিপাঠদান, ছাত্রদের পাঠোন্নতির নিয়মিত মনিটরিং ইত্যাদি বিষয় এ বছরের প্রশংসনীয় ফল অর্জনে সহায়ক হয়েছে। এ ছাড়া শিক্ষকমণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা ও উন্নত শ্রেণিপাঠদান, অভিভাবকদের সচেতনতা ও তত্ত্বাবধান এবং সর্বোপরি ছাত্রদের একনিষ্ঠ অধ্যয়ন ও ভালো ফল করার ঐকান্তিক প্রচেষ্টা এইচএসসি পরীক্ষার প্রশংসনীয় ফলের নেপথ্যে বিশেষ ভূমিকা পালন করেছে বলে কলেজ কর্তৃপক্ষ মনে করে।